

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৫৭/২০১১

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখ : ০৩/১১/২০১১খ্রিঃ।

১৯ কার্তিক, ১৪১৮ বাংলা।

অন্‌চেসিস ডেলিভারীর অঙ্গীকারনামা
সংক্রান্ত দৃষ্টি আকর্ষণ।

সম্মানিত সদস্য/সদস্যগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অন্‌চেসিস কন্টেইনার ডেলিভারীর ক্ষেত্রে ব্যাংক গ্যারান্টির পরিবর্তে আমদানীকারক, সি এন্ড এফ এজেন্ট ও সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশন এর যৌথ অঙ্গীকারনামার ভিত্তিতে খালাসের নিয়ম এসোসিয়েশনের প্রচেষ্টায় প্রচলিত হয়। এ ব্যবস্থা গৃহীত হওয়ায় সংশ্লিষ্ট সকলে প্রভূত সুবিধা ভোগ করিতেছে।

সম্প্রতি অভিযোগ পাওয়া যাইতেছে- কতিপয় প্রতিষ্ঠানের পক্ষে জাল স্বাক্ষরিত অঙ্গীকারনামা সৃজন করিয়া মালামাল খালাসের অপচেষ্টা করা হইতেছে, যাহা সম্পূর্ণ অনৈতিক, বেআইনী ও অপরাধমূলক কার্যকলাপ। উপরন্তু অনেক প্রতিষ্ঠান যথাসময়ে কন্টেইনার ফেরত প্রদান, সংশ্লিষ্ট শিপিং এজেন্টের ন্যায্য পাওনা পরিশোধ করিয়া অঙ্গীকারনামা প্রত্যাহার করিতেছেন না। ইহাতে অত্র এসোসিয়েশনসহ সংশ্লিষ্ট সকল পক্ষের সুনাম ক্ষুণ্ণ হওয়াসহ অন্‌চেসিস কন্টেইনার ডেলিভারী পদ্ধতি হুমকির সম্মুখীন হইতেছে।

এমতাবস্থায় অন্‌চেসিস কন্টেইনার ডেলিভারীর জন্য সংশ্লিষ্ট সকল পক্ষের যথাযথ স্বাক্ষর প্রদান নিশ্চিত ও যথাসময়ে কন্টেইনার ফেরত প্রদান করিয়া অঙ্গীকারনামা প্রত্যাহার করার জন্য অনুরোধ জানানো যাইতেছে। পরবর্তীতে উপরোক্ত জাল-জালিয়তি বা অনিয়ম চিহ্নিত হইলে দাখিলকারী ব্যক্তি ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অঙ্গীকারনামা প্রদান রহিত করা সহ তাহাদের বিরুদ্ধে সাংবিধানিক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড

ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন।